



“বিনোদনের মাধ্যমে শিক্ষা”

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫।
ওয়েবসাইট: www.novothetre.gov.bd



শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

বিষয়: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ২০২২-২০২৩ অর্থ বছরের সেবা প্রদানের প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী:


সভাপতি : জনাব নায়মা ইয়াসমীন
পরিচালক (চ: দা:)
তারিখ : ২৭.১১.২০২২, রবিবার
সময় : সকাল ৯:৩০ টা
স্থান : নভোথিয়েটারের সভাকক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট “ক”

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের যে সকল সেবা প্রদান করা হয়ে থাকে তা সিটিজেন চার্টার বা সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী যথাসময়ে প্রদান করা হচ্ছে কিনা সেটি নিয়ে আলোচনার নিমিত্ত এ সভার আয়োজন করা হয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সেবা প্রদান প্রতিশ্রুতি সভায় উপস্থাপন করা হয়। সিটিজেন চার্টারে ৩ (তিন) ধরনের সেবা (নাগরিক সেবা, প্রতিষ্ঠানিক সেবা এবং অভ্যন্তরীণ সেবা) প্রদান করা হয়ে থাকে। নভোথিয়েটারের সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী ৩ (তিন)টি নাগরিক সেবা, প্রতিষ্ঠানিক সেবা এবং অভ্যন্তরীণ সেবা প্রদান করা হয়ে থাকে। প্রত্যেকটি সেবা কিভাবে কত সময়ে এবং কোন কর্তৃকর্তার নিকট হতে পাওয়া যাবে তার মোবাইল ও ই-মেইল নম্বর উল্লেখ রয়েছে। সভায় জানানো হয় যে, সিটিজেন চার্টারের কোন তথ্য পরিবর্তন না হলে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করার প্রয়োজন আছে কিনা সে প্রেক্ষিতে সভাপতি জানান যে, সিটিজেন চার্টারের কোন কোন তথ্য পরিবর্তন না থাকলেও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক স্বাক্ষরিত হালনাগাদ সিটিজেন চার্টার ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।

৩। সভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান, সেবা গ্রহণ ইত্যাদি বিষয়ে উপস্থিত সদস্যগণকে নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উক্ত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সিটিজেন চার্টারে বর্ণিত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
২.	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সকল কর্মকর্তা-কর্মচারীদের জন্য পৃথক নম্বরসহ পরিচয়পত্র বিতরণ করা হয়। অফিস চলাকালীন সময়ে সকলকে তা পরিধান করতে হবে।	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সকল কর্মকর্তা-কর্মচারী
৩.	সিটিজেন চার্টারে কোন তথ্য বর্ণিত হোক বা না হোক মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক হালনাগাদকৃত সিটিজেন চার্টার নভোথিয়েটারের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


২৭.১১.২০২২
(নায়মা ইয়াসমীন)
পরিচালক (চ:দা:)
ফোন: ৫৫০২৭৭৩৯